

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৪৪-আইন/২০২১/১৪১-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৬-আইন/২০১৯/৩৩-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

- (ক) অনুচ্ছেদ ১ এর “(আগাম কর ব্যতীত)” চিহ্নগুলি ও শব্দগুলির পরিবর্তে “(আগাম কর সহ)” চিহ্নগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে এবং শর্তাবলির দফা (ছ) বিলুপ্ত হইবে;
- (খ) অনুচ্ছেদ ৭ বিলুপ্ত হইবে; এবং
- (গ) অনুচ্ছেদ ১১ এ উল্লিখিত “৩০ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে “৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )  
সিনিয়র সচিব